

একাদশে ভর্তিতে বাদ পড়া শিক্ষার্থীদের জন্য সুখবর

অনলাইন ডেক্স



সংযুক্ত ছবি

চলতি শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিতে শেষবারের মতো

অনলাইনে আবেদনের সুযোগ দিয়েছে কেন্দ্রীয় ভর্তি কমিটি।

আগের তিন ধাপে ভর্তির সুযোগ না পাওয়া এসএসসি ও সমমান

পরীক্ষায় উত্তীর্ণদের জন্য শেষ সুযোগ এটি। ভর্তিবিহিত শিক্ষার্থীরা

আগামী ২১ সেপ্টেম্বর সকাল ১০টা থেকে ২২ সেপ্টেম্বর রাত

১০টা পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদনের ফল

প্রকাশ হবে ২৪ সেপ্টেম্বর রাত ৮টায়।

মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) ১১টি শিক্ষা বোর্ডের মোর্চা বাংলাদেশ

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো

হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে

সর্বশেষ চতুর্থ পর্যায়ে অনলাইনের মাধ্যমে ভর্তির আবেদন, ফল

প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময় বাড়ানো হয়েছে।

চতুর্থ পর্যায়ের শিক্ষার্থীর সিলেকশন নিশ্চায়ন করতে হবে ২৫

সেপ্টেম্বর থেকে ২৬ সেপ্টেম্বর রাত ৮টা পর্যন্ত। কলেজে ভর্তি

হতে হবে ২৮ সেপ্টেম্বর থেকে ২৯ সেপ্টেম্বর পর্যন্ত।

শিক্ষার্থীদের নির্ধারিত ভর্তির ওয়েবসাইটের

(www.xiclassadmission.gov.bd) পূর্ণাঙ্গ নির্দেশিকা

অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে

বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি

কলেজে আবেদন করতে হবে।

যারা আবেদন করতে পারবে

২০২৫-২৬ শিক্ষাবর্ষে শেষ ধাপে অনলাইনে সেসব শিক্ষার্থী

আবেদন করতে পারবে, যারা আগে তিন ধাপে আবেদন করেনি বা

আবেদন করে কলেজ সিলেকশন পায়নি। এ ছাড়া যেসব শিক্ষার্থী

চূড়ান্ত মনোনয়ন পেয়েছে, কিন্তু কোনো কারণে কলেজে নির্ধারিত

সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চায়ন করতে পারেনি;

তারাও আবেদনের সুযোগ পাবে।